

সাম্প্রতিক সময়ে আমাদের অর্জন:

একটি আধুনিক, বিজ্ঞানসম্মত, জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মানের লক্ষ্যে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল নানামুখী কাজ করে যাচ্ছে। এরই প্রেক্ষিতে বিগত বছরগুলোত আমাদের অর্জনসমূহ :-

০১. অবকাঠামোগত অর্জন: ১৬ সেপ্টেম্বর ২০০৬ থেকে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল ৫০ শতাংশ নিজস্ব জায়গায় গ্রন্থাগার সেবা দিয়ে আসছে। ৪ তলা ভবনে রয়েছে তিনটি সুবিশাল পাঠকক্ষ, একটি সেমিনার হল, প্রশাসনিক শাখা, কর্মচারীদের জন্য ডরমেটরি। পার্কিং স্পেসসহ রয়েছে মনোরম ক্যাম্পাস যেখানে পাঠকেরা মুক্ত পরিবেশের স্বাদ নিতে পারেন। ভবিষ্যতে ভবনটির রঙ করা সহ দৃষ্টিনন্দন করার পরিকল্পনা রয়েছে।

০২. পাঠসামগ্রী সংগ্রহ: গ্রন্থাগারের বর্তমান সংগ্রহের সংখ্যা ৭৫ হাজারের অধিক। এছাড়া প্রতিবছর নতুন নতুন বই সংযোজন হচ্ছে। এখানে রয়েছে দুপ্পাপ্য বই, রেফারেন্স বই, ম্যাপ, এটলাসসহ মূল্যবান অসংখ্য পুস্তক। গ্রন্থাগারে বসে পাঠ করার পাশাপাশি পাঠসামগ্রী ধার করে বাসায় নিয়ে যাওয়ার সুযোগও আছে।

০৩. সেবা গ্রহীতা ও পাঠক উপস্থিতি: বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল এর অবস্থান অত্যন্ত সুবিধাজনক স্থানে। পাশেই রয়েছে সরকারি বিএম কলেজসহ অসংখ্য শিক্ষা প্রতিষ্ঠান। সব বয়সের ও সব শ্রেণির পাঠকেরা তাদের প্রয়োজনীয় পুস্তক, কম্পিউটার, ইন্টারনেট, পত্রিকা ও সাময়িকী এখান থেকে সংগ্রহ করে থাকেন। প্রতিদিন প্রায় ২৫০-৩০০ পাঠক বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল থেকে সেবা নিয়ে থাকেন।

০৪. বিশেষ কর্নার: জাতির পিতা বংগবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিবেদিত পুস্তক ও স্বাধীনতা এবং মুক্তিযুদ্ধ ভিত্তিক পুস্তক নিয়ে রয়েছে “বংগবন্ধু কর্নার”। বিভিন্ন চাকুরি ও প্রতিযোগিতামূলক পরীক্ষা সহায়ক পুস্তক নিয়ে রয়েছে “জবস কর্নার”। এছাড়া রবি আজিয়াটা মোবাইল কোম্পানির সৌজন্যে রয়েছে “রবি ইন্টারনেট কর্নার”। এছাড়া মহিলাদের নামাজের জন্য রয়েছে প্রার্থনা কক্ষ, পাঠকেরা যাতে দুপুরের খাবার সংগে করে নিয়ে এসে খেতে পারে তার জন্য রয়েছে “আহার কক্ষ”।

০৫. জাতীয় দিবস ভিত্তিক প্রতিযোগিতা: ১৫ আগস্ট জাতীয় শোক দিবস, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ০৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস, ২১ ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ১৭ মার্চ জাতির জনক বংগবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস, পহেলা বৈশাখ বাংলা নববর্ষ ও ২৫ মে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর জন্মদিবস উপলক্ষে রচনা, চিত্রাংকন, হাতের সুন্দর লেখা, গল্প বলা, আবৃত্তি, বইপাঠসহ বিতর্ক ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। এছাড়াও দিবস ভিত্তিক পুস্তক প্রদর্শনীর আয়োজন করা হয়। এ সমস্ত প্রতিযোগিতা বাঙ্গালী ও বাংলাদেশের সাথে সম্পর্কিত দিনগুলোর ইতিহাস, তাৎপর্য ও গুরুত্ব শিক্ষার্থী ও সাধারণ মহলে তুলে ধরে। যা ভবিষ্যত প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ে তুলতে দারুনভাবে উদ্বুদ্ধ করে।

০৬. ক্যারিয়ার গাইড সেশন: স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, বেকার ও চাকুরী প্রত্যাশীদের জন্য এবং তাদের অংশগ্রহণে এমন একটি সেশন যেখানে বিশেষজ্ঞ ও সফল ব্যক্তির তাদের অর্জিত অভিজ্ঞতা ও শিক্ষার আলোকে ভবিষ্যত ক্যারিয়ার গঠনে পরামর্শ এবং দিক নির্দেশনা দিয়ে সহায়তা করে থাকেন। পারস্পরিক অংশগ্রহণমূলক একটি সেশনের মাধ্যমে শিক্ষার্থীদেরকে তাদের ভবিষ্যত লক্ষ্য নির্ধারণ ও কর্মপন্থা ঠিক করে দেশ গঠনে অন্তর্ভুক্ত করাই এর মূল লক্ষ্য। বিশেষজ্ঞ প্যানেলে আছেন সরকারি প্রশাসন ও পুলিশের কর্মকর্তা, সফল ব্যক্তিবর্গ, ব্যবসায়ী, তথ্যপ্রযুক্তিবিদ, সাংস্কৃতিক ব্যক্তিবর্গ, লেখক ও কবি, সফল উদ্যোক্তা ইত্যাদি পেশার অভিজ্ঞতা সম্পন্ন আলোকিত মানুষ।

০৭. ক্রোজ সার্কিট ক্যামেরা (CCTV): গ্রন্থাগারের পাঠক ও সাধারণের নিরাপত্তা, সরকারি সম্পদের নিরাপত্তাসহ সম্পূর্ণ গ্রন্থাগার ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সম্পূর্ণ দপ্তর ক্রোজ সার্কিট ক্যামেরার আওতায় আনা হয়েছে। যেকোন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়াতে যা সার্বক্ষণিক মনিটর করা হচ্ছে।

০৮. বেসরকারি গ্রন্থাগার তালিকাভুক্তিকরণ: বরিশাল বিভাগ ও জেলার বেসরকারি গ্রন্থাগারসমূহ পর্যবেক্ষণ ও রেজিস্ট্রেশনের মাধ্যমে বিভাগের গ্রন্থাগার সেবা ও কার্যক্রম বৃদ্ধির জন্য বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার কাজ করছে। বেসরকারি গ্রন্থাগারসমূহকে কৌশলগত, কারিগরি ও মন্ত্রণালয় কর্তৃক আর্থিক সহায়তা প্রদান করা হয়ে থাকে।

০৯. তথ্য অধিকার ও আইসিটি ব্যবহার: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে সর্বসাধারণের তথ্য অধিকার নিশ্চিত করতে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তথ্য অনুসন্ধান ও তথ্য প্রাপ্তিতে গ্রন্থাগার হচ্ছে আদর্শ যায়গা।

১০. Libraries Unlimited প্রকল্প: দ্যা বিল এন্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশনের অর্থায়নে গণগ্রন্থাগার অধিদপ্তর ও ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশ এর যৌথ উদ্যোগে চলছে Libraries Unlimited নামে একটি প্রকল্প। এই প্রকল্পের অধীনে গ্রন্থাগার পেশাজীবীদের দক্ষতা উন্নয়নের পাশাপাশি নানামুখী কাজ বাস্তবায়িত হচ্ছে।